



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি খান বাহাদুর আহছান উল্লাহ কলেজ

GOVT. KHAN BAHADUR AHSAN ULLAH COLLEGE

ডাকঘর : সখীপুর, উপজেলা : দেবহাটা, জেলা : সাতক্ষীরা।

ফোন : ০৪৭৩২-৭২২৭০, মোবাইল : ০১৩০৯-১১৮৬৪২

Email: kbacollege@gmail.com, Website: kbac.college.gov.bd



Inter: 4975
Degree: 0210
Honours: 0210
BMT: 34045
EiIN No: 118642

স্থাপিত: ১৯৮৫ খ্রি.
সরকারিকরণ: ২০১৮ খ্রি.

স্মারক নং : সখআক/ / /২০২৪

তারিখ : ২২/০১/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৮/০১/২০২৪ তারিখের ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যা:কা/২০২৪/২৮৯৩নং বিজ্ঞপ্তি মোতাবেক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সরকারি খান বাহাদুর আহছান উল্লাহ কলেজ (কলেজ কোড: ০২১০) ভর্তির জন্য অনলাইনে আবেদন ফরম পূরণ ২২/০১/২০২৪ তারিখ হতে ১১/০২/২০২৪ তারিখ পর্যন্ত চলবে এবং ১২/০২/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা অফিসে জমা প্রদান করতে হবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা:

ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২০/২০২১ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় এবং ২০২২/২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২০/২০২১ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় এবং ২০২২/২০২৩ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। আবেদনের ঠিকানা: www.nu.ac.bd/admissions অথবা <http://app1.nu.edu.bd/> ভর্তির জন্য প্রাথমিক আবেদন ফরম A4 সাইজের কাগজে প্রিন্ট করে প্রিন্টকৃত আবেদন ফরম ১২/০২/২০২৪ তারিখের মধ্যে আবেদন ফিস বাবদ ৩৫০/- টাকা সহ অবশ্যই অফিসে জমা দিতে হবে। অন্যথায় কোন জটিলতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। (উল্লেখ্য, অত্র কলেজের আইসিটি বিভাগ হতে অনলাইনে প্রাথমিক ভর্তি আবেদন করা যাবে)।

৩। প্রাথমিক আবেদন ফিস প্রদানের নিয়মাবলী:

প্রাথমিক আবেদন ফরম সহ সরাসরি কলেজের অফিসে 'হিসাবরক্ষক' জনাব বৈদ্যনাথ সরদার এর নিকট আবেদন ফিস জমা প্রদান করে নিশ্চয়ন/কনফারমেশন নিশ্চিত করতে হবে। ১২/০২/২০২৪ তারিখের মধ্যে আবেদন নিশ্চয়নের/কনফারমেশন ম্যাসেজ না পেলে কলেজে অবশ্যই যোগাযোগ করতে হবে।

[উল্লেখ্য, অনলাইনে বা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কোন ফিস গ্রহণ করা হবে না]

৪। সরকারি খানবাহাদুর আহছানউল্লা কলেজে অনার্স কোর্সের বিষয়সমূহ:

- বিএ : (১) বাংলা, (২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
বিএসএস : (১) রাষ্ট্রবিজ্ঞান
বিবিএ : (১) ব্যবস্থাপনা, (২) হিসাববিজ্ঞান
বিএসসি : (১) প্রাণিবিদ্যা

বিঃদ্র: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোন ধরনের কোর্সে ভর্তি হয়ে বর্তমানে অধ্যয়নরত আছে এমন কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থী যদি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক থাকে তাহলে তাকে অবশ্যই ভর্তির পূর্বে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটির সাথে যোগাযোগ করা যাবে:

- মোঃ মনিরুজ্জামান, বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা ॥ মোবা: ০১৭৪০৮৪৬৪১৯
- নুপেন্দ্র নাথ মন্ডল, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান ॥ মোবা: ০১৭২০৫৩৭৬২৮
- জি এম আসাদুজ্জামান, প্রভাষক, হিসাববিজ্ঞান ॥ মোবা: ০১৭৩৮০০৫৭৩৭


অধ্যক্ষ

সরকারি খান বাহাদুর আহছান উল্লাহ কলেজ
সখীপুর, দেবহাটা, সাতক্ষীরা

০১৭৬৮-৯৬৪৯৬৩ (আইসিটি), ০১৩০৯-১১৮৬৪২ (অফিস)